রপ্তানি উন্নয়ন ব্যুরো
টিসিবি ভবন
১, কাওরান বাজার, ঢাকা।

বিজ্ঞপ্তি

সিআইপি (রপ্তানি)-২০২০ এবং জাতীয় রপ্তানি ট্রফি ২০১৮-২০১৯

সিআইপি (রপ্তানি)-২০২০ এবং ২০১৮-২০১৯ অর্থবছরের 'জাতীয় রপ্তানি ট্রফি' প্রাপক নির্বাচনের লক্ষ্যে বাংলাদেশী রপ্তানিকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিকট হতে রপ্তানি উন্নয়ন ব্যুরো দরখাস্ত আহবান করছে।

০২। সিআইপি (রপ্তানি) এবং জাতীয় রপ্তানি ট্রফি পণ্য ও সেবা ভিত্তিক হবে। এ উদ্দেশ্যে সমস্ত রপ্তানি পণ্য ও সেবা খাতকে সিআইপি (রপ্তানি) এর জন্য ২২টি পণ্য খাতে এবং জাতীয় রপ্তানি ট্রফি এর জন্য ৩২টি পণ্য ও সেবা খাত নিম্নরূপভাবে বিভক্ত করা হবেঃ

সিআইপি (রপ্তানি)-২০২০ এর খাতসমূহ:

(১) কাঁচা পাট, (২) পাটজাত দ্রব্য (জুট ইয়ার্ন ও টোয়াইন, জুট কার্পেট, জুট ম্যানুফেকচারার্স), (৩) চামড়া (ক্রাস্ট/ফিনিশড), (৪) চামড়াজাত দ্রব্য (চামড়ার জুতা, ব্যাগ, ওয়ালেট, বেল্ট, জ্যাকেট ইত্যাদি), (৫) হিমায়িত খাদ্য, (৬) চা, (৭) ওভেন গার্মেন্টস, (৮) কৃষিজাত দ্রব্য (শাকসজী, ফলমূল, পান, আলু ও অন্যান্য), (৯) এগ্রোপ্রসেসিং (প্রসেসড জ্যাম, জেলী, আচার, মশলা, চিপস, চিড়া, মুড়ি জাতীয় পণ্য), (১০) লাইট ইঞ্জিনিয়ারিং প্রোডাক্টস, (১১) ফার্মাসিটিক্যাল প্রোডাক্টস, (১২) হস্তশিল্পজাত দ্রব্য, (১৩) স্পেশালাইজড টেক্সটাইল/হোম টেক্সটাইল (সকল ধরনের টাওয়েল, বাথরোব, ডোরকার্টেন, কুশন কাভার, বেডশীট, বেড কাভার, পিলো কাভার ইত্যাদি) (১৪) নীট ওয়্যার গার্মেন্টস, (১৫) সিরামিক টেবিল ওয়্যার/অন্যান্য সিরামিক পণ্য, (১৬) প্লাস্টিকজাত পণ্য, (১৭) মেলামাইন পণ্য, (১৮) টেক্সটাইল ফেব্রিক্স, (১৯) কম্পিউটার সফটওয়্যার, কম্পিউটার সেবা, ডাটা প্রসেসিং ইত্যাদি, (২০) জাহাজ নির্মাণ শিল্প, (২১) আসবাবপত্র এবং (২২) বিবিধ বৈদ্যুতিক সরঞ্জামাদি, জুয়েলারী, কটন ইয়ার্ন, হ্যাট ও ক্যাপ, টয়লেট্রিজ, আর্টিফিশিয়াল ও ন্যাচারাল ফ্লাওয়ার এবং অন্যান্য)।

পণ্য ও সেবা খাতের রপ্তানির বিপরীতে (১) কৃষিজাত দ্রব্য, (২) এগ্রোপ্রসেসিং পণ্য, (৩) লাইট ইঞ্জিনিয়ারিং প্রোডাক্টস, (৪) হস্তশিল্পজাত দ্রব্য, (৫) প্লাস্টিকজাত পণ্য, (৬) মেলামাইন পণ্য, (৭) কম্পিউটার সফটওয়্যার, কম্পিউটার সেবা, ডাটা প্রসেসিং ইত্যাদি এবং (৮) বিবিধ খাতে ন্যূনতম ২০১৮-২০১৯ অর্থবছরে ০.১৫ মিঃ মাঃ ডলার এবং অবশিষ্ট ১৪টি পণ্য খাতে ন্যূনতম ১.৫০ মিঃ মাঃ ডলার রপ্তানি আয় অর্জনকারী রপ্তানিকারকগণ সিআইপি (রপ্তানি) ২০২০ এর জন্য আবেদন করতে পারবে।

জাতীয় রপ্তানি ট্রফি (আবেদনের জন্য প্রযোজ্য ২০১৮-২০১৯ অর্থবছরের খাতওয়ারী ন্যূনতম রপ্তানি আয়সহ পণ্য ও সেবা খাতসমূহ):

(১) তৈরী পোশাক (ওভেন) (২৮.০০ মি:মা:ড:), (২) তৈরী পোশাক (নিটওয়্যার) (২৪.০০ মি:মা:ড:), (৩) সকল ধরনের সুতা (১০.০০ মি:মা:ড:), (৪) টেক্সটাইল ফেব্রিক্স (১০.০০ মি:মা:ড:), (৫) হোম ও স্পেশালাইজড টেক্সটাইল (২০.০০ মি:মা:ড:), (৬) টেরিটাওয়েল (০৫.০০ মি:মা:ড:), (৭) হিমায়িত খাদ্য (১০.০০ মি:মা:ড:), (৮) কাঁচাপাট (৫.০০ মি:মা:ড:), (৯) পাটজাত দ্রব্য (১০.০০ মি:মা:ড:), (১০) চামড়া (ক্রাস্ট/ফিনিশড) (১০.০০ মি:মা:ড:), (১১) চামড়াজাত পণ্য (২.০০ মি:মা:ড:), (১২) ফুটওয়্যার (সকল) (৪.০০ মি:মা:ড:), (১৩) চা (২.০০ মি:মা:ড:), (১৪) কৃষিজ পণ্য (তামাক ব্যতীত) (১.০০ মি:মা:ড:), (১৫) এগ্রোপ্রসেসিং পণ্য (তামাকজাত পণ্য ব্যতীত) (১.০০ মি:মা:ড:), (১৬) ফুল-ফলিয়েজ (১.০০ মি:মা:ড:), (১৭) হস্তশিল্পজাত পণ্য (০.২৫ মি:মা:ড:), (১৮) মেলামাইন (২.০০ মি:মা:ড:), (১৯) প্লাষ্টিক পণ্য (২.০০ মি:মা:ড:), (২০) সিরামিক সামগ্রী (৩.০০ মি:মা:ড:), (২১) লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য (১.৫০ মি:মা:ড:), (২২) ইলেকট্রিক ও ইলেকট্রোনিক্স পণ্য (১.৫০ মি:মা:ড:), (২৩) জাহাজ (৩০.০০ মি:মা:ড:), (২৪) অন্যান্য শিল্পজাত পণ্য (২.০০ মি:মা:ড:), (২৫) ফার্মাসিউটিক্যাল পণ্য (২.০০ মি:মা:ড:), (২৬) কম্পিউটার সফটওয়্যার (২.০০ মি:মা:ড:), (২৭) ইপিজেডভুক্ত ১০০% বাংলাদেশী মালিকানাধীন ('সি' ক্যাটাগরী) তৈরী পোশাক শিল্প (নীট ও ওভেন) (৩০.০০ মি:মা:ড:), (২৮) ইপিজেডভুক্ত ১০০% বাংলাদেশী মালিকানাধীন ('সি' ক্যাটাগরী) অন্যান্য পণ্য ও সেবা খাত (১০.০০ মি:মা:ড:), (২৯) প্যাকেজিং ও এক্সেসরিজ পণ্য (৪.০০মি:মা:ড:), (৩০) অন্যান্য প্রাথমিক পণ্য (০.৫০ মি:মা:ড:), (৩১) অন্যান্য সেবা খাত (২.০০ মি:মা:ড:) এবং (৩২) নারী উদ্যোক্তা/রপ্তানিকারকগণের (প্রকৃত ব্যবসায়ী ও ব্যবসায়ী কর্মকান্ডে সরাসরি সম্পৃক্ততা থাকতে হবে) জন্য সংরক্ষিত (উৎপাদিত পণ্য ও সেবা) (০.৫০ মি:মা:ড:)।

পণ্য ও সেবা রপ্তানির বিপরীতে উল্লিখিত ন্যূনতম রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) অর্জনকারী রপ্তানিকারক প্রতিষ্ঠান ট্রফির জন্য আবেদন করতে পারবেন।

০৩। রপ্তানি উন্নয়ন ব্যুরোর ওয়েব সাইটে(www.epb.gov.bd), ব্যুরোর ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পণ্য বিভাগ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী আঞ্চলিক অফিস এবং কুমিল্লা, সিলেট ও নারায়ণগঞ্জ শাখা অফিস ছাড়াও ঢাকাস্থ দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এবং বিভাগীয় চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিসমূহ যথা-চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, সিলেট ও রংপুর থেকে দরখাস্তের নির্ধারিত ফরম সংগ্রহ করতে পারেন। দরখাস্তের নির্ধারিত ফরম রপ্তানি সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশন থেকেও সংগ্রহ করা যাবে। ইপিজেডভুক্ত 'সি' ক্যাটাগরীর শিল্প প্রতিষ্ঠানসমূহ ইপিবি অফিস, বর্ণিত চেম্বার ও ট্রেড এসোসিয়েশনসমূহ এবং বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) কার্যালয় হতে দরখাস্তের নির্ধারিত ফরম সংগ্রহ করতে পারেন। ফরম সংগ্রহ এবং দাখিলের সময় ০১ আগস্ট ২০১৯ হতে ৩১ আগস্ট ২০১৯খ্রিঃ পর্যন্ত।

০৪। আবেদনকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহকে গত বছর পর্যন্ত কর পরিশোধের স্বপক্ষে সংশ্লিষ্ট কর অফিস এবং ঋণ খেলাপী নয় মর্মে আবেদনকারী প্রতিষ্ঠানের বাণিজ্যিক ব্যাংক/ব্যাংকসমূহ হতে প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

০৫। গ্রুপভুক্ত প্রতিষ্ঠানসমূহ গ্রুপের প্রতিটি ইউনিটের রপ্তানি আয়, পণ্যের বিবরণ ও অন্যান্য যাচিত তথ্যাদি উল্লেখপূর্বক incorporation certification-সহ আবেদন করতে পারবে।

০৬। কোন ইউনিট একাধিক পণ্য রপ্তানি করলে উক্ত ইউনিটকে পণ্যওয়ারী পৃথক আবেদন দাখিল করতে হবে।

০৭। True Single Source হিসেবে বাংলাদেশ ব্যাংকের অনলাইন মনিটরিং সিস্টেমের তথ্য ভান্ডারে রক্ষিত প্রতিষ্ঠানের রপ্তানি আয়কে চূড়ান্ত ও সঠিক হিসেবে বিবেচনা করা হবে।

০৮। নির্ধারিত আবেদন পত্র যথাযথভাবে পূরণপূর্বক দরখাস্তসমূহ নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আগামী ৩১ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোতে পৌঁছাতে হবে। উল্লেখ্য, বিলম্বে প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না। বিশদ তথ্যের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরোর সাথে যোগাযোগ করা যেতে পারে।

মোহাঃ আব্দুর রৌফ
পরিচালক
পণ্য বিভাগ
ফোন নং-৮৮-০২-৫৫০১৩৫৮৮
E-mail: dir-commodity@epb.gov.bd